

১০/১১/০৭

শিক্ষক কর্মচারীদের ৩০ ভাগ মহার্ঘ ভাতা প্রদানের দাবি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

শিক্ষা ক্ষেত্রে স্কুল-বৈষম্য দূরীকরণ, শিক্ষক কর্মচারীদের ৩০ ভাগ মহার্ঘ ভাতা ও পূর্ণাঙ্গ দুর্গ বোনাস প্রদানের দাবি জানিয়েছে বাংলাদেশ শিক্ষক সমিতি নেতৃবৃন্দ। গতকাল রবিবার 'সমিতির সভাপতি মো: আবুল বাশার হাওলাদার ও সাধারণ সম্পাদক নজরুল ইসলাম রনির নেতৃত্বে ১০ সদস্যের একটি প্রতিনিধি দল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক কে এম আবদুল্লাহের সঙ্গে সাক্ষাৎ করে এসব দাবি সংক্রান্ত একটি স্মারকলিপি পেশ করেন। সমিতির নেতৃবৃন্দ বলেন, দীর্ঘ দিন থেকে শিক্ষকরা অবহেলিত। এর মধ্যে এক শ্রেণীর ম্যানেজিং কমিটি ফুলের শিক্ষাকার্যক্রমের চেয়ে আর্থিকভাবে লাভবান হওয়ার জন্য কাজ করে যাচ্ছে। শিক্ষার মান বৃদ্ধিতে এসব (১৫শ পৃঃ ৪-এর কঃ প্রঃ)

শিক্ষক-কর্মচারীদের

(১৬শ পৃঃ পর)

ম্যানেজিং কমিটির দৌরাস্তা বন্ধ করতে হবে। এছাড়া স্মারকলিপিতে প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক নিয়োগের নীতিমালা পরিবর্তন, অবসর সুবিধা বোর্ড ট্রাস্টের অনিয়মের জন্য সদস্য সচিবের অপসারণের দাবি জানান।